গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.nctb.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৬.০০০০.৪০২.৭১.০৬৮.০২.৪

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৭ মে ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **০২৪ শিক্ষাবর্ষের মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ষষ্ঠ থেকে নবম শ্রেণির বিষয়ভিত্তিক ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন সময়সূচি (রুটিন)** প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, ২০২৪ শিক্ষাবর্ষে সারা দেশের মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ষষ্ঠ থেকে নবম শ্রেণিতে জাতীয় শিক্ষাক্রম ২০২২ এর আলোকে প্রণীত পাঠ্যপুস্তক ও অন্যান্য শিখন সামগ্রীর মাধ্যমে শিখন কার্যক্রম পরিচালিত হচ্ছে। একই সঙ্গে শিক্ষাবর্ষের শুরু থেকে শিখনকালীন মূল্যায়ন কার্যক্রম চলছে। জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ অনুসারে শিক্ষাবর্ষের ছয় মাসে একটি সামষ্টিক মূল্যায়ন এবং বারমাসে আরেকটি সামষ্টিক মূল্যায়নের ব্যবস্থা রাখা হয়েছে। সেই অনুসারে জুন মাসের শেষার্ধে বা জুলাই মাসের প্রথমার্ধে ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন সম্পন্ন করা প্রয়োজন। ২০২৪ শিক্ষাবর্ষের প্রথমার্ধে জাতীয় নির্বাচন, তীব্র শৈত্যপ্রবাহ, রমজান ও ঈদুল ফিতর এবং তীব্র তাপদাহের কারণে শ্রেণি কার্যক্রম বিঘ্নিত হয়েছে। তদুপরি, জুন মাসের শেষার্ধে ঈদুল আজহা ও গ্রীষ্মকালীন ছুটি থাকায় ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন জুলাই মাসের ৭ তারিখ থেকে শুরু করা যায়। সে মোতাবেক ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রম পরিচালনার সময়সূচি (রুটিন) প্রণয়ন করা হয়েছে। প্রণীত সময়সূচি আপনার আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসূহকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য বিষয়ভিত্তিক ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশনা যথাসময়ে আপনার অধিদপ্তর বরাবর পরবর্তী কার্যার্থে প্রেরণ করা হবে।

**২০২৪ শিক্ষাবর্ষের ষষ্ঠ থেকে নবম শ্রেণির বিষয়ভিত্তিক ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রম পরিচালনার সময়সূচি (রুটিন)**

| তারিখ | বিষয় ও শ্রেণি | | | |
|---|---|---|---|---|
| | ষষ্ঠ শ্রেণি | সপ্তম শ্রেণি | অষ্টম শ্রেণি | নবম শ্রেণি |
| ০৭.০৭.২০২৪ | বাংলা | ধর্ম | জীবন ও জীবিকা | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান |
| ০৯.০৭.২০২৪ | ইংরেজি | শিল্প ও সংস্কৃতি | স্বাস্থ্য সুরক্ষা | ডিজিটাল প্রযুক্তি |
| ১০.০৭.২০২৪ | গণিত | বাংলা | ধর্ম | জীবন ও জীবিকা |
| ১১.০৭.২০২৪ | বিজ্ঞান | ইংরেজি | শিল্প ও সংস্কৃতি | স্বাস্থ্য সুরক্ষা |
| ১৪.০৭.২০২৪ | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | গণিত | বাংলা | ধর্ম |
| ১৫.০৭.২০২৪ | ডিজিটাল প্রযুক্তি | বিজ্ঞান | ইংরেজি | শিল্প ও সংস্কৃতি |
| ১৬.০৭.২০২৪ | জীবন ও জীবিকা | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | গণিত | বাংলা |
| ১৮.০৭.২০২৪ | স্বাস্থ্য সুরক্ষা | ডিজিটাল প্রযুক্তি | বিজ্ঞান | ইংরেজি |
| ২১.০৭.২০২৪ | ধর্ম | জীবন ও জীবিকা | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | গণিত |
| ২২.০৭.২০২৪ | শিল্প ও সংস্কৃতি | স্বাস্থ্য সুরক্ষা | ডিজিটাল প্রযুক্তি | বিজ্ঞান |

০৭-০৫-২০২৪
মোসাঃ নাজমা আখতার
সচিব

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;

২। মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর;

৩। মহাপরিচালক (অতিরিক্ত সচিব) , মহাপরিচালক এর দপ্তর , মাদরাসা শিক্ষা অধিদপ্তর এবং

৪। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৩৭.০৬.০০০০.৪০২.৭১.০৬৮.০২.৪/১ (৬)

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৭ মে ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
২। সচিব , সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
৩। সচিব, সচিবের দপ্তর , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়;
৪। সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
৫। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং
৬। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

০৭-০৫-২০২৪
মোসাঃ নাজমা আখতার
সচিব

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৫ (ভোকেশনাল-০১)
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০৪০.১৮.৪২৭.১৭. ২৬৪ তারিখ: ১৫ /০৫/২০২৪ খ্রিঃ

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের স্মারক নং- ৩৭.০৬.০০০০.৪০২.৭১.০৬৮.০২.৪, তারিখ: ০৭/০৫/২০২৪ খ্রি: মোতাবেক ২০২৪ শিক্ষাবর্ষে মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ষষ্ঠ থেকে নবম শ্রেণির বিষয়ভিত্তিক ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রম পরিচালনার সময়সূচি (রুটিন) সংক্রান্ত পত্রটি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে পৃষ্ঠাঙ্কণ করা হলো।

১৫.০৫.২০২৪

মোঃ সালাহউদ্দিন আহাম্মদ
যুগ্মসচিব
ও
পরিচালক (ভোকেশনাল)

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০৪০.১৮.৪২৭.১৭. ২৬৪ (১৩) তারিখ: ১৫ /০৫/২০২৪ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, শিক্ষা মন্ত্রণালয়, ৬৯-৭০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৪. পরিচালক (প্রশাসন/পিআইডব্লিউ/পিআইইউ/পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫. পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, সকল বিভাগ।
৬. পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা। **(ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন সময়সূচি আপনার আওতাধীন বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অবহিতকরণ ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।)**
৭. কারিকুলাম বিশেষজ্ঞ (এসএসসি ভোকেশনাল / দাখিল ভোকেশনাল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৮. অধ্যক্ষ, সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।
৯. প্রতিষ্ঠান প্রধান, বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।
১০. সুপারিনটেনডেন্ট, দাখিল ভোকেশনাল প্রতিষ্ঠানসমূহ।
১১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১২. মহাপরিচালক এঁর ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩. সংরক্ষণ নথি।

১৫/০৫/২০২৪
মহিউদ্দিন আহাম্মদ
সহকারী পরিচালক